



# গভর্নমেন্ট অফ দ্য ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া D.C.ডিপার্টমেন্ট অফ হাউসিং অ্যান্ড কমিউনিটি

## ডেভেলপমেন্ট

### পাড়া-নির্ভর কার্যকলাপ

#### ফ্যাক্ট শীট

পাড়া-নির্ভর কার্যকলাপ প্রোগ্রাম, আবাসন এবং পাড়া পুনরুজ্জীবন কার্যকলাপের জন্য সম্প্রদায় ভিত্তিক অলাভজনক সংস্থাগুলিকে স্থানীয় ও ফেডেরাল অনুদানের ব্যবস্থা করে তিনটি কর্মসূচীর মাধ্যমে : ১) আবাসন পরিষেবা ২) ক্ষুদ্র শিল্প সহায়তা, এবং ৩) স্টোরফ্রন্টের বহির্ভাগের উন্নতি। তিনটি কর্মসূচীর রূপরেখা নিম্নরূপ:

**আবাসন পরিষেবা:** অনুদান-প্রাপক সংস্থাগুলি, নিম্ন ও মধ্যম-আয়যুক্ত গ্রাহকবর্গ ও এলাকার কথা মাথায় রেখে সম্ভাব্য গৃহমালিক, বর্তমান গৃহমালিক, এবং ভাড়াটিয়াদের জন্য কাউন্সেলিং পরিষেবা এবং প্রশিক্ষণের ব্যবস্থা করবে। এদের কাউন্সেলিং প্রচেষ্টা DHCD প্রোগ্রামগুলিকে যেমন HPAP, EAHP, NEAHP, NSP, 203K, সিঙ্গল ফ্যামিলি রেসিডেন্সিয়াল রিহাবিলিটেশন প্রোগ্রাম, লীড সেক ওয়াশিংটন, PADD, সুলভ বাসস্থান ইউনিট, ইনকুশনারী জোনিং, ফার্স্ট রাইট পারচেজ প্রোগ্রাম, এবং HRA। অন্যান্য নির্দিষ্ট কাউন্সেলিং পরিষেবার মধ্যে আছে ফোরক্লোজার নিবারণ বা মিটিগেশন, ক্রেডিট কাউন্সেলিং, হোম/বাজেট ম্যানেজমেন্ট, গৃহক্রেতাদের ক্লাব, এবং রিলোকেশন কাউন্সেলিং। ভাড়াটীদের তাদের অধিকার ও দায়িত্ব সম্বন্ধে সচেতন করতে পরিষেবার ব্যবস্থা আছে যেমন সম্ভাব্য স্থানচ্যুতি, ভাড়া/উচ্ছেদ কাউন্সেলিং, অ্যাপার্টমেন্ট লোকেটিং এবং প্রচলিত অ্যাপার্টমেন্ট ম্যানেজমেন্ট।

আবাসন পরিষেবা প্রাপকদের কাছে থেকে এটাও আশা করা হয় যে তাঁরা তাঁদের নিজ নিজ সম্প্রদায়ে খুব ভাল মার্কেটিং-এর ব্যবস্থা করবেন। এর মধ্যে আছে DHCD প্রোগ্রাম ও পরিষেবা আর বেসরকারী আবাসন প্রকল্প ও সুবিধাসমূহের বিষয়ে তথ্যাবলী। এই প্রচেষ্টারে অংশ হিসাবে সম্প্রদায়ের আবাসিক, ব্যবসা, স্কুল, লাইব্রেরী, চার্চ এবং এলাকাস্থিত অন্য সংগঠন ও প্রতিষ্ঠানের সাথে সাহায্যপ্রাপক কাজের সম্পর্ক বজায় রাখবেন।

**ক্ষুদ্র শিল্প সহায়তা:** সাহায্যপ্রাপক সংস্থা, কলম্বিয়া ডিস্ট্রিক্টের নিম্ন ও মধ্যবিত্ত এলাকায় অবহেলিত বাণিজ্যিক করিডরের দিকে লক্ষ্য রেখে ক্ষুদ্র ও খুচরা ব্যবসায়কে কারিগরী সহায়তা, সমর্থন ও প্রশিক্ষণের ব্যবস্থা করবে। এই প্রোগ্রাম ব্যবসায়ের কোনরকম অনুদান, লোন বা প্রত্যক্ষ সাবসিডি়ির ব্যবস্থা করেনা। সাহায্যপ্রাপক সংস্থা বর্তমানে যে সন্নিহিত এলাকাগুলিতে কাজ করছে সেগুলি হল: অ্যানকোস্টিয়া, কংগ্রেস হাইটস, কলম্বিয়া হাইটস, অ্যাডামস মর্গ্যান, মাউন্ট প্লেজান্ট, জর্জিয়া অ্যাভেন্যু, পেটওয়ার্থ, রোড আইল্যান্ড অ্যাভেন্যু, NE, এবং ডীনউড/মার্শাল হাইটস। সাহায্যপ্রাপক সংস্থা ব্যবসায় আকর্ষণ ও অবস্থানেও যুক্ত থাকবে। সহায়তার মধ্যে থাকবে মাইক্রো লোন প্যাকেজিং, বিজনেস প্ল্যানিং, উদ্যোগকারীদের প্রশিক্ষণ, এক-এক ভিত্তিক ব্যবসায়িক প্রশিক্ষণ সহায়তা, ট্যাক্স প্রিপারেশনে সহায়তা, অ্যাকাউন্টিং সহায়তা বা আইনি সহায়তা। সাহায্যপ্রাপক সংস্থা সমষ্টিবদ্ধ ব্যবসায় সহায়তা কর্মকলাপেরও ব্যবস্থা করবে, যেমন ব্যবসায়িক সহযোগিতার গঠন, বিজনেস করিডর প্রমোশন, গণ মার্কেটিং, ভল্যুম ডিসকাউন্ট এফোর্ট, এবং কালেক্টিভ স্পেস

ম্যানেজমেন্ট। এইসব সংস্থাগুলির মাধ্যমে DHCD-ও এইসব এলাকায় সন্নিহিত ক্ষেত্র পুনরুজ্জীবন প্রচেষ্টার সাথে ঘনিষ্ঠভাবে যুক্ত, যার মধ্যে আছে প্রধান বাণিজ্যিক প্রকল্পের পরিকল্পনা এবং আন্তঃএজেন্সী ব্যবসায় উন্নয়ন সমন্বয়।

**স্টোরফ্রন্টের বহির্ভাগের উন্নয়ন:** সাহায্যপ্রাপক সংস্থা স্টোরফ্রন্টের উন্নয়ন প্রকল্পের উন্নতিসাধন করবে যার মধ্যে আছে ডিস্ট্রিক্টের CDBG-যোগ্য করিডরে সন্নিবদ্ধ বাণিজ্যিক সম্পত্তিসমূহ। এইসব প্রকল্প, ব্যক্তিগত গৃহের বহির্ভাগের দৃশ্যতা ও কার্যকারিতার উন্নতিসাধন করে এবং একই এলাকায় ও পার্শ্ববর্তী বাণিজ্যিক ডিস্ট্রিক্টগুলির বাণিজ্যিক সম্পত্তিতে নতুন বেসরকারী বিনিয়োগকে উজ্জীবিত করে। সাহায্যপ্রাপক সংস্থা, নির্বাচিত বাণিজ্যিক করিডরে ব্যক্তিগত ব্যবসায়গুলির কাছে প্রোজেক্টগুলি বিপণন করবে। এক একক জেনারেল কন্ট্রাক্টরের মাধ্যমে এরা প্রোজেক্ট ডিজাইনের সমন্বয় এবং

নির্মাণকার্যও করবে। বর্তমান বহির্ভাগ উন্নয়ন প্রোজেক্টগুলি নিম্নলিখিত কমার্শিয়াল করিডরে অথবা সন্নিহিত এলাকায় অবস্থিত: ১) জর্জিয়া অ্যাভেন্যু, ২) ক্যাপিটল হিল/এইচ স্ট্রীট/শ এবং ৩) মার্টিন লুথার কিং, জুনিয়র অ্যাভেন্যু/ গুড হোপ রোড, SE। ব্যক্তিগত স্টোরফ্রন্ট উন্নয়ন অনুদান ম্যাটিং-গ্র্যান্ট ভিত্তিতে বাণিজ্যিক করিডরে ব্যবসা বা সম্পত্তি মালিকদের দেওয়া হয়। বহির্ভাগ ডিজাইনের সহায়তার মধ্যে আছে: সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ; এবং দরজা, জানালা, সাইনবোর্ড, স্টোরফ্রন্ট সিস্টেম, ছাউনি ও লাইট বসানো বা পালটানো।

সাধারণতঃ "আগে-এলে-আগে-হবে" ভিত্তিতে আবেদনপত্র নেওয়া হয়। অতিরিক্ত সহায়তার জন্য নিম্নলিখিত যেকোন সম্প্রদায়-ভিত্তিক সংস্থার সাথে যোগাযোগ করুন:

## ক্ষুদ্র শিল্প সহায়তা

অ্যানাকোস্টিয়া ইকনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন	202-889-5100
ARCH ডেভেলপমেন্ট কর্পোরেশন	202-365-5586
কংগ্রেস হাইটস ট্রেনিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার	202-563-5201
DC চেম্বার অফ কমার্স ফাউন্ডেশন	202-638-7336
ডেভেলপমেন্ট কর্পোরেশন অফ কলম্বিয়া হাইটস	202-483-4982
এমরি বীকন অফ লাইট ইনক.	202-829-5732
গ্রেটার ওয়াশিংটন হিস্পানিক চেম্বার অফ কমার্স	202-728-0352
ল্যাটিনো ইকনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন	202-540-7408
ওয়াশিংটন এরিয়া কমিউনিটি ইনভেস্টমেন্ট ফান্ড	202-529-5505
DC ফ্যাশন ফাউন্ডেশন	202-355-3929

## আবাসন পরিষেবা

সেন্ট্রাল আমেরিকা রিসোর্স সেন্টার	202-328-9799
হাউসিং কাউন্সেলিং সার্ভিসেস, ইনক.	202-667-7006
ল্যাটিনো ইকনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন	202-540-7408
লিডিয়া'জ হাউস ইনক.	202-373-1050
মাল্লা, ইনক.	202-832-1495
মার্শাল হাইটস কমিউনিটি ডেভেলপমেন্ট অর্গানাইজেশন	202-396-1200
ইউনিভার্সিটি লিগ্যাল সার্ভিসেস, ইনক.	202-547-4747
AARP লিগ্যাল ক্লিনিক ফর এল্ডারলি	202-434-2171

## বহির্ভাগ উন্নয়ন

ব্যারাক রো মেইনস্ট্রীটস, ইনক.	202-544-3188
অ্যানাকোস্টিয়া ইকনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন	202-889-5100
ARCH ডেভেলপমেন্ট কর্পোরেশন	202-365-5586
কংগ্রেস হাইটস ট্রেনিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার	202-563-5201
ডেভেলপমেন্ট কর্পোরেশন অফ কলম্বিয়া হাইটস	202-483-4986
এমরি বীকন অফ লাইট ইনক.	202-829-5732
ডীনউড হাইটস মেইন স্ট্রীটস, ইনক.	202-621-2288

D.C. হিউম্যান রাইটস অ্যাক্ট 1977, সংশোধিত, D.C. Official Code, Section 2-1401.01 et seq. অনুযায়ী, (Act) দ্য ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বৈষম্য করেনা: জাতি, বর্ণ, ধর্ম, জাতীয়তা, লিঙ্গ, বয়স, বৈবাহিক স্থিতি, ব্যক্তিগত উপস্থাপনা, যৌন বেচিত্রা, পারিবারিক স্থিতি, পারিবারিক দায়িত্ব, শিক্ষার স্থান, রাজনৈতিক যোগাযোগ, অক্ষমতা, রোজগারের উৎস, অর্থবাসবাস বা ব্যবসায়ের স্থান।

## ডিপার্টমেন্ট অফ হাউসিং অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট মাইকেল কেলি, ডিরেক্টর

1800 Martin Luther King Jr., Ave, SE ♦ Washington, DC 20032  
(202) 442-7200 ♦ [www.dhcd.dc.gov](http://www.dhcd.dc.gov)



Government of the District of Columbia  
Vincent C. Gray, Mayor

